গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(তথ্য ও অভিযোগ শাখা)
www.kurigram.gov.bd

**"তথ্য অধিকার আইন, ২০০৯" বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোহাম্মদ সাইদুল আরীফ
জেলা প্রশাসক, কুড়িগ্রাম

তারিখ : ১৮ জুন ২০২৩

সময় : দুপুর ১২.১৫ ঘটিকা

স্থান : জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম এর সম্মেলন কক্ষ

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক'তে দেখানো হলো।

সভায় উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থিত সদস্যগণকে পাঠ করে শোনানো হয়। এতে কোন সংশোধন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | "তথ্য অধিকার আইন, ২০০৯" এবং এ সংক্রান্ত বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ। | সভাপতি সভায় বলেন যে তথ্য অধিকার আইনের বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ বিষয়ে সকল দপ্তরের সমন্বয়ে আরও গুরুত্বসহকারে উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>"তথ্য অধিকার আইন, ২০০৯" এর বিধান অনুযায়ী কেউ তথ্য প্রাপ্তির জন্য আবেদন করলে চাহিত তথ্য নির্দিষ্ট সময় সীমার মধ্যেই সরবরাহ করার উপর সভায় বিশেষ গুরুত্বারোপ করা হয়। | ১) তথ্য অধিকার আইন এবং এ সংক্রান্ত বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ বিষয়ে সকল দপ্তরকে আরও বেশি সচেষ্ট হতে হবে।<br>২) জনগণ প্রকাশযোগ্য তথ্য প্রাপ্তির আবেদন করলে নির্দিষ্ট সময় সীমার মধ্যে চাহিত তথ্য সরবরাহ নিশ্চিত করতে হবে। | জেলা ও উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ। |
| ০২ | তথ্য অধিকার ও তথ্য প্রকাশকারী এবং আবেদনকারীর সুরক্ষা সম্পর্কে জনগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান। | সভায় জানান হয় "তথ্য অধিকার আইন, ২০০৯"এর আওতায় জনসাধারণের তথ্য প্রাপ্তির বিষয়ে নিজ নিজ অবস্থান থেকে প্রচার-প্রচারণা চালিয়ে যাওয়া, তথ্য অধিকার ও তথ্য প্রকাশকারী এবং আবেদনকারীর সুরক্ষা সম্পর্কে জনগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করার বিষয়ে নির্দেশনা রয়েছে। সভায় তথ্য প্রকাশকারী এবং আবেদনকারী যেন প্রতিপক্ষ দ্বারা কোন প্রকার হয়রানি বা হুমকির সম্মুখীন না হয় সে বিষয়ে সকল দপ্তরের কর্মকর্তাগণকে সজাগ দৃষ্টি রাখার আহবান জানানো হয়। | তথ্য অধিকার ও তথ্য প্রকাশকারী এবং আবেদনকারীর সুরক্ষা সম্পর্কে জনগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে। | জেলা ও উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৩ | তথ্য অধিকার বাস্তবায়ন ও পরিবীক্ষণ উপজেলা কমিটির কার্যক্রমের তদারকি ও উৎসাহ প্রদান। | সভায় উপজেলা নির্বাহী অফিসারগণকে প্রতি ০২ মাসে একবার উপজেলা কমিটির সভা আয়োজনপূর্বক সভার কার্যবিবরণী নিয়মিত মন্ত্রিপরিষদ বিভাগসহ সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করার অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাহী অফিসারগণকে প্রতি ০২ মাসে একবার উপজেলা কমিটির সভা আয়োজন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং সভার কার্যবিবরণী নিয়মিত মন্ত্রিপরিষদ বিভাগসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম। |
| ০৪ | সিটিজেন চার্টার প্রণয়ন সংক্রান্ত। | জনগণকে তাদের কাঙ্ক্ষিত সেবা গ্রহণে সহজিকরণের উদ্দেশ্যে প্রণীত সিটিজেন চার্টার সকল জেলা এবং উপজেলা পর্যায়ের প্রত্যেক দপ্তরের ওয়েব পোর্টালে আপলোড করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে সভায় অনুরোধ জানানো হয়। | জেলা ও উপজেলা পর্যায়ে মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সিটিজেন চার্টার প্রস্তুতপূর্বক নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টালে আপলোড করতে হবে। | জেলা ও উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ। |
| ০৫ | জেলার আওতাধীন সকল দপ্তরে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ এবং ওয়েবপোর্টাল হালনাগাদকরণ। | সভাপতি, জেলা এবং উপজেলা পর্যায়ের যে সকল দপ্তর এখনও তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ প্রদান করেননি তাদের অবিলম্বে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ দেওয়ার নির্দেশনা প্রদান করেন। এছাড়া তথ্য অধিকার আইনে অনলাইন প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণপূর্বক তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আপিলকারী কর্তৃপক্ষের নাম, পদবি মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা ওয়েবপোর্টালের তথ্য অধিকার সেবা বক্সে আপলোডসহ নিয়মিতভাবে হালনাগাদকরণের কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সকল দপ্তর প্রধানগণকে অনুরোধ জানান। | ১) সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপিলকারী কর্তৃপক্ষ নিয়োগ করতে হবে এবং তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপিলকারী কর্তৃপক্ষের নাম, পদবি, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা ওয়েব পোর্টলের তথ্য অধিকার সেবা বক্সে আপলোড ও হালনাগাদ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২) সকল সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে জুম সভা করে অধীন অফিসসহ অন্যান্য সকল দপ্তরকে নির্দেশনা প্রদান করতে হবে। | জেলা ও উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ। |
| ০৬ | নিয়োগকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের অনলাইন প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ: | সভায় তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিষয়ে সকল দপ্তরের নিয়োগপ্রাপ্ত তথ্য প্রদানকারী কর্মকর্তা ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের অনলাইন প্রশিক্ষণ গ্রহণের উপর গুরুত্বারোপ করা হয়।<br><br>আরটিআই (RTI) অনলাইন কোর্স সম্পন্নকারী কর্মকর্তাগণের তথ্য এ কার্যালয়ে নিয়মিত প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান করা হয়। | ১) তথ্য অধিকার আইন ২০০৯ এর আওতায় সরকারি দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে তথ্য কমিশনের ওয়েবলিংকে www.infocom.gov.bd মাধ্যমে অনলাইন প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।<br>২) আরটিআই (RTI) অনলাইন কোর্স সম্পন্নকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা নির্ধারিত ছক মোতাবেক প্রতি মাসের ০১ তারিখের মধ্যে এ কার্যালয়ের তথ্য ও অভিযোগ শাখায় (ই-মেইল: infosecdckurigram@gmail.com) প্রেরণ নিশ্চিত করতে হবে। | জেলা ও উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৭ | ওয়েবপোর্টাল হালনাগাদকরণ। | সভায় জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি অফিসের ওয়েবপোর্টাল নিয়মিত হালনাগাদকরণের উপর আলোচনা করা হয়। সভাপতি বলেন একজন সেবাপ্রার্থী ঘরে বসে তার প্রয়োজনীয় তথ্য কাঙ্ক্ষিত অফিসের ওয়েব পোর্টল থেকে সহজেই জেনে নিতে পারেন। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সজাগ দৃষ্টি রাখার আহবান জানানো হয়। | জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি অফিসের ওয়েবপোর্টাল নিয়মিত হালনাগাদ করণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা ও উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ। |
| ০৮ | তথ্য বিমুক্তকরণ গাইডলাইন। | সভায় জানানো হয় যে, "তথ্য অধিকার আইন, ২০০৯" এর ৭ ধারায় স্ব-প্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা প্রকাশের বিধান রয়েছে। স্বপ্রণোদিতভাবে যে সকল তথ্য প্রকাশ করা যাবে তার তালিকা ওয়েব পোর্টালের তথ্য অধিকার সেবা বক্সে প্রকাশের কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য জেলা এবং উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধানগণকে আহবান জানানো হয়। | "তথ্য অধিকার আইন, ২০০৯" এর ৭ ধারা মোতাবেক স্ব-প্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা ওয়েব পোর্টালের তথ্য অধিকার সেবা বক্সে প্রকাশের কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। | জেলা ও উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ। |

অতঃপর, আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করা হয়।

১১/৭/২৩

(মোহাম্মদ সাইদুল আরীফ)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম
ও
সভাপতি
তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন)
ও পরিবীক্ষণ জেলা কমিটি।
ফোন: ০২৫৮-৯৯৫০০২২
ই-মেইলঃdckurigram@mopa.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৭.৪৯০০.০১৬.০৬.০০১.১৮- ৬৪০

তারিখ: ২৭ আষাঢ় ১৪৩০
১১ জুলাই ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
০২। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
০৩। সচিব, তথ্য কমিশন, এফ-১৭/ডি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৫। উপজেলা নির্বাহী অফিসার, ----------------------------(সকল) কুড়িগ্রাম।
০৬। -----------------------------------------------------------
----------------------------------------------------------- কুড়িগ্রাম।

১১/৭/২০২৩
জেলা প্রশাসক
কুড়িগ্রাম।